

**রাজনৈতিক অসন্তোষের মুখে
 রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৮ জন
 হাউস টিউটরসহ প্রভোস্টের পদত্যাগ**

ইউএনবি জানায়, তীব্র রাজনৈতিক অসন্তোষের মুখে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ হাবিবুর রহমান হলের প্রভোস্ট এবং ৮ জন হাউস টিউটর পদত্যাগ করেছেন। তবে এখন পর্যন্ত অস্থায়ী উপাচার্য আতফুল হাই তাদের পদত্যাগ পত্র গ্রহণ করেননি। সকাল ১০টার দিকে গণতান্ত্রিক ছাত্রলীগের কর্মীরা হল প্রাঙ্গণে প্রতিদ্বন্দ্বী একটি ছাত্র সংগঠনের টাঙানো ব্যানার সরাতে কর্তৃপক্ষের ব্যর্থতার প্রতিবাদে অনির্দিষ্টকালের জন্য প্রভোস্ট অফিসে তালা লাগিয়ে দেয়। ক্যাম্পাস সূত্রে জানা যায়, ছাত্রলীগ কর্মীরা গত শনিবারও প্রভোস্ট রফিকুল ইসলামের বাসভবন ঘেরাও করে এবং ৩ দফা দাবিনামার স্মারকলিপি হস্তান্তর করে। সূত্র জানায়, গণতান্ত্রিক ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে দু'মাস ধরে একটি ব্যানার টাঙানো নিয়ে বাদানুবাদ চলছে। প্রভোস্ট নিজেও ছাত্রদলকে ব্যানারটি নামিয়ে ফেলতে অনুরোধ করেছিলেন। এদিকে রাজশাহী থেকে বুলবুল আহমেদ বুলু ফোনে জানান, রাজশাহী বিআইটি'র শিক্ষা পরিবেশ পরিষদের ডাকে বিআইটি খুলে দেয়ার দাবিতে ৩৫ জন ছাত্র গতকাল থেকে ৪৮ ঘন্টার প্রতীক অনশন শুরু করেছে। ছাত্ররা প্রশাসনিক ভবনেও ৪৮ ঘন্টার জন্য তালা ঝুলিয়ে দিয়েছে। পরিবেশ পরিষদ এক বিবৃতিতে জানিয়েছে, আজ থেকে তারা বিআইটি'র সকল ছাত্রাবাস ও লাইব্রেরি কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই খুলে দেবে। বিবৃতিতে বলা হয়, কর্তৃপক্ষ বিআইটি খুলার সিদ্ধান্ত না নিলে শিক্ষা পরিবেশ পরিষদ ২৮ নভেম্বর রাজশাহী ঢাকা সড়কে চার ঘন্টার অবরোধ কর্মসূচি পালন করবে, ৮ ডিসেম্বরে রাজশাহীতে পূর্ণদিবস হরতাল পালন করবে। ছাত্র সংঘর্ষের জের হিসেবে বিআইটি চার মাস যাবত বন্ধ রয়েছে।